

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৫

সাব্রুম, ৯ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

সাব্রুম মহকুমায় রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সভা

আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে সম্প্রতি সাব্রুম মহকুমা শাসক কার্যালয়ে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত। সভায় লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে নির্বাচনী আচরণবিধি, মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় ও স্থানীয় প্রশাসন থেকে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা রাজনৈতিক দলের প্রতিনিধিদের কাছে তুলে ধরা হয়। সভায় মহকুমা শাসক বলেন, লোকসভা নির্বাচনে সাব্রুম নগর পঞ্চায়েত এলাকার সমস্ত ভোটগ্রহণ কেন্দ্রগুলিকে পিঙ্ক পোলিং স্টেশন ঘোষণা করা হয়েছে। এই ভোটগ্রহণ কেন্দ্রগুলি মহিলা ভোটকর্মী দ্বারা পরিচালিত হবে।

সভায় নির্বাচন কমিশন দ্বারা প্রচারিত মডেল কোড অব কন্ডাক্ট অনুযায়ী প্রার্থীদের সমর্থনে প্রচার, বিজ্ঞাপন, গাড়ির ব্যবহার, নির্বাচনী ইস্তেহার প্রকাশ ইত্যাদি বিষয় নিয়েও আলোচনা করা হয়। সভায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ ছাড়াও অতিরিক্ত জেলাশাসক হেমন্ত দেববর্মা, মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার, ডিসিএম রতন দাস, সাব্রুম নগর পঞ্চায়েতের ডেপুটি এক্সিকিউটিভ অফিসার অভিজিৎ জমাতিয়া, ডিসিএম মনোজ প্রভাকর পাল, ডিসিএম নকুল পাল, ডিসিএম ভবেশ দেওয়ান উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*